

# পাঠ — 26

## ঠিক্ ঠিক্

চিক্ চিক্ করে বালি,
ঝিক্ মিক আলো ।
ফিক্ ফিক্ হাসো কেন,
ঠিক্ ঠিক্, বলো ।
টিক্ টিক্ চলে ঘড়ি,
ঝিক্ ঝিক্ গাড়ি ।
কোঁক্ কোঁক্ কর কেন
ছাড়ছে কি নাড়ি ?
খুক্ খুক্ কাশে কে রে,
ঘুস্ ঘুসে কাশি ?
চুক্ চুক্ বড়ি চোষো
এনে দেবে মাসি ।
খিক্ খিক্ হাসে দেখি
লিক্ লিকে ছোঁড়া
থিক্ থিক্ পোকা ভরা
তার দাঁত গোড়া ।
ফুক্‌ফুক্ বিড়ি টেনে
ধুক্‌ধুক্ বুকে,
ফুসফুসে রোগ ভরো
বলো কোন্ সুখে ?





**পাঠ সংকেত ঃ—** এতে যে দ্বৈত শব্দ ব্যবহার করা হয়েছে, তা সব ভারতীয় ভাষারই বৈশিষ্ট্য ।এ ধরনের নতুন শব্দের প্রয়োগ বলে দিয়ে সহজ ছোট ছোট বাক্য রচনা করান ।

1. কবিতাটি মুখস্ত করো ঃ

2. পুরো বাক্যে উত্তর বলো ঃ

- ঘড়ি কী করে চলছে ?
- কী করে হাসছে ?
- গাড়ি কী ক'রে চলছে ?
- কী ভাবে কাশ্‌ছে ?
- কাশিটা কী রকম ?
- দাঁতে কী রকম পোকা ভরা ?

3. পড়ো ঃ

- ঘুর ঘুর করছ কেন ?
- ঝক্‌মকে পোশাক।
- কন্‌কনে শীত।
- ঘঙ্‌ ঘঙ্‌ কাশি।
- ধব্‌ধবে সাদা।
- কুচকুচে কালো।

ঢুল ঢুল চোখে দেখছে।

চড়চড়ে রোদ।

ফিনফিনে ধুতি।

মিন্‌মিনে গলা।

টক্‌টকে লাল।

ফুটফুটে সাদা।

4. লেখো ঃ

| | | |
|---|---|---|
| সাদা ——— | কালো ——— | লাল ——— |
| শীত ——— | রোদ ——— | গলা ——— |

5. লেখো ঃ

ঝিক্‌ মিক্‌, ধুক্‌ ধুক, খিল্‌ খিল্‌